নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ/২০২৪/১৯৮৮

০১ জানুয়ারি ২০২৫

# নোবিপ্রবি প্রশাসনের বিভিন্ন পদক্ষেপ ও উদ্যোগের হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, অসুস্থ শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদান, স্বাস্থ্য বিষয়ে সচেতনতা সৃষ্টি, ক্রীড়া, বিশ্বের নানা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধিসহ বিভিন্ন বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ


১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে প্রাইম ব্যাংক ফাউন্ডেশন ও প্রাইম ব্যাংক আই হসপিটালের উদ্যোগে বিনামূল্যে চক্ষু চিকিৎসা ও সেবা ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত দিনব্যাপী এ কর্মসূচিতে বিশেষজ্ঞ চক্ষু চিকিৎসকদের মাধ্যমে বিনামূল্যে চক্ষু চিকিৎসা সেবা প্রদান করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সেবা কার্যক্রমের উদ্বোধন করেন।



২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষাবৃত্তি প্রদান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৩ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলে (আইকিউএসি) এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এনএসটিইউ সোসাইটি ফর দ্যা ডিজএভেলড ৩৩তম আন্তর্জাতিক এবং ২৬তম জাতীয় প্রতিবন্ধী দিবস উপলক্ষে এর আয়োজন করে।



৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইলের সঙ্গে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি) বাংলাদেশের একটি ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৩ ডিসেম্বর ২০২৪) অনুষ্ঠিত সভায় ইউএনডিপির 'ফিউচারনেশন' (Futurenation) প্রকল্পের কার্যক্রমে নোবিপ্রবি শিক্ষার্থীদের অংশগ্রহণ বিষয়ে আলোচনা হয়।



৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ল্যাবরেটরি অব এনিম্যাল রিসার্চ এর উদ্বোধন করা হয়েছে। বুধবার (৪ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের আয়োজনে নীল দিঘী সংলগ্ন এনিম্যাল হাউজ ভবনে এর উদ্বোধন করেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। সাধারণত গবেষণার ক্ষেত্রে কোনো ড্রাগ বা মেডিসিন সরাসরি মানব শরীরে প্রবেশ করানো উচিৎ নয়, তার পূর্বেই র‍্যাট, মাইস বা অন্যান্য এনিম্যাল এর ওপর প্রয়োগ করা হয়। বায়োলজিক্যাল সায়েন্স এর বিভাগগুলো এই ল্যাবে গবেষণা কার্যক্রম পরিচালনা করতে পারবে।



৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে 'সকলের জন্য নিরাপদ এবং সুরক্ষিত কাজের পরিবেশ নিশ্চিতকরণ' প্রতিপাদ্যকে সামনে রেখে অগ্নি নির্বাপণ ও প্রাথমিক চিকিৎসা বিষয়ক দুই দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (৫ ডিসেম্বর ২০২৪) নোবিপ্রবি মেডিকেল সেন্টার আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচিতে বিভিন্ন বিভাগের ৫০জন শিক্ষার্থী ও আবাসিক হলে কর্মরত ২০জন কর্মচারী অংশগ্রহণ করে।



৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে 'প্রকিউরমেন্ট এন্ড ই-জিপি টেন্ডার প্রসিডিউর' বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (৫ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।



৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বৈষম্যবিরোধী আন্দোলনে শহীদ ও আহতদের স্মরণে সভা এবং সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে সোমবার (৯ ডিসেম্বর ২০২৪) অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।






৮. মঙ্গলবার (১০ ডিসেম্বর ২০২৪) নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত সমুদ্র বিজ্ঞান ও সামুদ্রিক সম্পদ ব্যবস্থাপনা ইনস্টিটিউটের জন্য বরাদ্দকৃত জমি পরিদর্শন করেছেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। নোয়াখালীর সুবর্ণচর উপজেলার মোহাম্মদপুর ইউনিয়নে সরকারের খাস খতিয়ানভুক্ত এ ১৫০ একর জমিতে প্রস্তাবিত ইনস্টিটিউট গড়ে তোলা হবে।



৯. বুধবার (১১ ডিসেম্বর ২০২৪) নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) ব্যবসায় এবং সামাজিক ক্ষেত্রে ইংরেজি ও প্রযুক্তি দক্ষতা বিষয়ক শিক্ষাবৃত্তি কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। ইউএনডিপির ফিউচারনেশন প্রকল্পের আওতায় নোবিপ্রবি শিক্ষার্থীরা ইংরেজি ও প্রযুক্তি দক্ষতা বিষয়ক কর্মসূচিসমূহে অংশ নেয়ার সুযোগ পাবে। এক হাজার শিক্ষার্থীকে এ বৃত্তি দেয়া হবে।




১০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষা প্রশাসন বিভাগের প্রথম ব্যাচের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। বৃহস্পতিবার (১২ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক।



১১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়েছে। শনিবার (১৪ ডিসেম্বর ২০২৪) এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে জাতির শ্রেষ্ঠ সন্তানদের স্মরণে শ্রদ্ধা নিবেদন ও আলোচনা অনুষ্ঠিত হয়। এদিন সকালে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর নের্তৃত্বে অনুষ্ঠানমালায় বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অংশ নেয়।



১২. এশিয়া এডুকেশন অ্যাওয়ার্ড ২০২৪ পেলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগের সহকারী অধ্যাপক ড. আফসানা পারভীন। সম্প্রতি থাইল্যান্ডের ব্যাংককের হোটেল আমারিতে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের মাধ্যমে তাকে এ অ্যাওয়ার্ড দেয়া হয়।



১৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক কর্নার উদ্বোধন ও সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। রোববার (১৫ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল কো-অপারেশন এন্ড কোলাবরেশন সেন্টারে আন্তর্জাতিক কর্ণারের উদ্বোধন এবং উপাচার্যের কার্যালয়ে সমঝোতা স্মারক স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। উদ্বোধনকৃত আন্তর্জাতিক কর্নারে বিশ্বের বিভিন্ন দেশ থেকে সংগৃহীত ও শিক্ষক-কর্মকর্তাদের প্রদানকৃত ১০০ টিরও বেশি স্যুভেনির স্থান পাবে। অন্যদিকে নোবিপ্রবি ও তুরস্কের সাকারিয়া ইউনিভার্সিটি অব এপ্লায়েড সায়েন্স এর সঙ্গে ইরাসমাস প্লাস প্রোগ্রামের আওতায় সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়।






১৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি (বিএমবি) বিভাগের ১৯তম ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠিত হয়েছে। রোববার (১৫ ডিসেম্বর ২০২৪) বিভাগটির ১৮তম ব্যাচের শিক্ষার্থীদের আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বর্ণাঢ্য আয়োজনে সোমবার (১৬ ডিসেম্বর ২০২৪) মহান বিজয় দিবস পালিত হয়েছে। দিনব্যাপী নানা কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি পালিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




১৬. নোয়াখালী বিজ্ঞান ও  প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ)  ১৬ ডিসেম্বর ২০১৪ বিশ্ববিদ্যালয়ে যোগদান করেছেন। যোগদানের পরে কোষাধ্যক্ষ কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করেন। পরে তাঁকে বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর, নোবিপ্রবির পক্ষ থেকে গার্ড অব অনার প্রদার করা হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল ও উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হকসহ শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



১৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে খাঁচায় নোনা টেংরা চাষ এবং সম্পূরক খাদ্য ও হ্যাচারির পোনা দিয়ে কাঁকড়া চাষ উপ-প্রকল্পের সমাপনী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৭ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ভিডিও কনফারেন্স রুমে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। মৎস্য অধিদপ্তরের আওতায় সাসটেনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট (SCMFP) এর আর্থিক সহযোগিতায় উপ-প্রকল্প দুটি পরিচালিত হয়। নোবিপ্রবি ফিমস বিভাগের এই গবেষণা মৎস্য ক্ষেত্রকে আরো সমৃদ্ধ করবে বলে আশাবাদ ব্যক্ত করেন গবেষকগণ।



১৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের নিয়ে 'আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বেজড ডিমান্ড রেসপন্স মডেলিং ইন দ্যা কমিউনিটি স্মার্ট গ্রিন এনার্জি গ্রিড' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৭ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের আয়োজনে ফেয়ারওয়েল অরিয়েন্টেশন ও পিকনিক অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৭ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




২০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কৃতী শিক্ষার্থীদের নিয়ে 'মিট আপ উইথ ভাইস-চ্যান্সেলর' শীর্ষক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৮ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাংলোয় 'সেলিব্রেটিং একাডেমিক এক্সিলেন্স' প্রতিপাদ্যকে সামনে রেখে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। নোবিপ্রবি রিসার্চ সেল আয়োজিত এ অনুষ্ঠানে ৩৩টি বিভাগ ও ইনস্টিটিউটের স্নাতক ও স্নাতকোত্তরের চূড়ান্ত ফলাফলে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী ১৮০ জন শিক্ষার্থী অংশ নেন।



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814


জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

২১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ট্রেজারার'স রিসেপশন অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ফলিত গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ ট্রেজারার হিসেবে নিয়োগ পাওয়ায় বিভাগের পক্ষ থেকে তাকে বরণ করা হয়েছে। বুধবার (১৮ ডিসেম্বর ২০২৪) ফলিত গণিত বিভাগে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।






২২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ক্যারিয়ার সেমিনার ও প্রোগ্রামিং কনটেস্ট অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৯ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নোবিপ্রবি সিএসটিই ক্লাব ও ব্র্যাক আইটি যৌথভাবে এ অনুষ্ঠানমালার আয়োজন করে। বিশ্ববিদ্যালয়ের ভিডিও কনফারেন্স রুমে প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে বিশেষ অতিথি ছিলেন নোবিপ্রবির উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক।




২৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে নেদারল্যান্ডের ইউট্রিচ বিশ্ববিদ্যালয়ের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। রোববার (২২ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয়ে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে উভয় বিশ্ববিদ্যালয়ের পারস্পরিক সহযোগিতা ও শিক্ষক-শিক্ষার্থী বিনিময়ের ক্ষেত্রে এ চুক্তি ভূমিকা পালন করবে।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪